দৈনিক খবর

তারিখ 25 OCT 1991
পৃষ্ঠা 9 কলাম 2

## জাতীয় এজগ্রুপ সাঁতার

# রাজশাহী শিক্ষা বোর্ডের শ্রেষ্ঠত্ব লাভ

।। স্পোর্টস রিপোর্টার ।।

১০টি নতুন রেকর্ড ও পদক তালিকায় রাজশাহী শিক্ষা বোর্ডের শীর্ষস্থান লাভের মধ্য দিয়ে একাদশ জাতীয় এজ গ্রুপ সাঁতার প্রতিযোগিতা গতকাল বৃহস্পতিবার ঢাকা স্টেডিয়াম সুইমিংপুলে শেষ হয়েছে। প্রতিযোগিতার সমাপনী দিনে গতকাল আরও ৫টি নতুন জাতীয় রেকর্ড সৃষ্টি হয়। এর ফলে প্রতিযোগিতায় দশটি নতুন রেকর্ড সৃষ্টি হলো। রাজশাহী শিক্ষা বোর্ড ১৭টি স্বর্ণ, ৯টি রৌপ্য, ১৪টি ব্রোঞ্জ পদক পেয়ে শীর্ষস্থান লাভ করেছে। পাবনা জেলা ক্রীড়া সংস্থা দ্বিতীয় স্থান লাভ করে ৭টি স্বর্ণ, ৯টি রৌপ্য, ৩টি ব্রোঞ্জ পদক পেয়ে এবং কুমিল্লা জেলা ক্রীড়া সংস্থা ৫টি স্বর্ণ ও ১টি রৌপ্যপদক পেয়ে তৃতীয় স্থান লাভ করে।

পাবনার আব্দুল হামিদ এই প্রতিযোগিতায় ৬টি স্বর্ণ ও ১টি রৌপ্য পদক পেয়ে ১৩-১৪ বছরের গ্রুপে চমৎকার নৈপুণ্য প্রদর্শন করেন। তিনি ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার ফ্রি স্টাইলে, ১০০ ও ২০০ মিটার বাটার ফ্লাই ও ২০০ মিটার ব্যক্তিগত মিডলেতে স্বর্ণ পদক লাভ করেন এবং ১০০ মিটার ব্যাকস্ট্রোকে রৌপ্য পদক লাভ করেন।

কুমিল্লা বোর্ডের ওমর ফারুক ১৫-১৭ বছর গ্রুপে ৫টি স্বর্ণপদক ও ১টি রৌপ্য পদক লাভ করেন। তিনি ১০০ ও ২০০ মিটার ব্যাকস্ট্রোকে ২০০ ও ৪০০ মিটার ব্যক্তিগত মিডলে ও ১৫'শ' মিটার ফ্রি স্টাইলে স্বর্ণ ও ৪'শ' মিটার ফ্রি স্টাইলে রৌপ্যপদক লাভ করেন।

রাজশাহী শিক্ষাবোর্ডের আব্দুল্লাহ-আল মুকতাদির ১১-১২ বছর গ্রুপে ৫০ মিটার ও ১০০ মিটার ফ্রি স্টাইলে ও ১০০ মিটার বাটারফ্লাইয়ে ও ২০০ মিটার ব্যক্তিগত মিডলেকে স্বর্ণপদক লাভ করেন।

গতকাল যে ৫টি ইভেন্টে নতুন রেকর্ড হয়েছে সেগুলো হলো ঃ ১৫০০ মিঃ ফ্রি স্টাইল (১৫ থেকে ১৭ বছর), ২০০ মিঃ ব্রেস্ট স্ট্রোক (১৫-১৭ বছর), ১০০ মিটার ব্যাকস্ট্রোক (১৩-১৪ বছর), ১০০ মিঃ ব্যাকস্ট্রোক, (১৫-১৭ বছর) ও ৫০ মিঃ ব্যাক স্টোক (১০ বছর)।

গতকাল তিনদিনব্যাপী এ প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন খোকা।

নীচে গতকাল অনুষ্ঠিত বিভিন্ন ইভেন্টের ফলাফল ও চূড়ান্ত পদক তালিকা দেয়া হলো ঃ

১৫০০ মিঃ ফ্রি স্টাইল (১৫-১৭) ঃ ১ম ওমর ফারুক (কুমিল্লা জেলা), ২য় মোঃ মাহবুবুর রহমান (পাবনা), ৩য় মোঃ সারওয়ার জাহান (বিকেএসপি)।

২০০ মিটার ব্যক্তিগত মিডলে (১১-১২) ঃ ১ম আবদুল্লাহ আল মুক্তাদির (রাজশাহী শিঃ বোর্ড), ২য় মোঃ আওয়াল (মাদারীপুর); ৩য় মোঃ রফিকুল ইসলাম (রাজশাহী শিঃ বোর্ড)।

২০০ মিঃ বাটারফ্লাই (১৩-১৪) ঃ ১ম মো আবদুল হামিদ (পাবনা), ২য় মোঃ মাসুদ রানা (পাবনা) ৩য় মোঃ আমিনুর রহমান (রাজশাহী) ৫০ মিঃ ফ্রি স্টাইল (১৫-১৭) ১ম মোঃ শাহীন হোসেন, ২য় মোঃ শাহাদৎ হোসেন (বিকেএসপি), ৩য় মোঃ সিদ্দিকুর রহমান (মাদারীপুর)।

১০০ মিঃ ব্রেস্ট স্ট্রোক (১৩-১৪) ঃ ১ম মোঃ সাইফুল ইসলাম (রাজশাহী শিক্ষা বোর্ড), ২য় মোঃ রমজান আলী (কুষ্টিয়া), ৩য় মোঃ নিয়াজ আলী (রাজশাহী শিক্ষাবোর্ড)।

২০০ মিঃ ব্রেস্ট স্ট্রোক (১৫-১৭) ১ম মোঃ নূর খান আলম (রাজশাহী শিক্ষা বোর্ড), ২য় মোঃ রায়হান উদ্দিন আহমেদ (বিজেএমসি), ৩য় মোঃ ফারুক আহমেদ (বিকেএসপি)।

১০০ মিঃ ব্যাকস্ট্রোক (১৩-১৪) ঃ ১ম মাসুদ রানা (রাজশাহী শিক্ষা বোর্ড), ২য় মোঃ আবদুল হামিদ (পাবনা), ৩য় মোঃ আমিনুর রহমান (রাজশাহী)।

১০০ মিঃ ব্যাক স্ট্রোক (১৫-১৭) ঃ ১ম মোঃ ওমর ফারুক (কুমিল্লা), ২য় মোঃ হাসান জুলফিকার (পাবনা), ৩য় মোঃ সিদ্দিকুর রহমান (মাদারীপুর)।

৫০ মিঃ ব্যাকস্ট্রোক (১০ বছর) ঃ ১ম আবু সাঈদ হায়দার (রাজশাহী শিক্ষা বোর্ড), ২য় মোঃ জিয়ারুল ইসলাম (কুষ্টিয়া), ৩য় মোঃ মুনমুন আহম্মেদ (নবাব সুঃ ক্লাব)।

১০০ মিঃ বাটার ফ্লাই (১৫-১৭) ঃ ১ম মোঃ শাহাদৎ হোসেন (বিকেএসপি), ২য় মোঃ সাইদুর ইসলাম (পাবনা), ৩য় মোঃ সাইফুল ইসলাম (রাজশাহী শিক্ষা বোর্ড)।

চূড়ান্ত পদক তালিকা ঃ

| দলের নাম | স্বর্ণ | রৌপ্য | ব্রোঞ্জ |
|---|---|---|---|
| রাজশাহী শিক্ষা বোর্ড | ১৭ | ৯ | ১৪ |
| পাবনা জেলা ক্রীড়া সংস্থা | ৭ | ৯ | ৩ |
| কুমিল্লা জেলা ক্রীড়া সংস্থা | ৫ | ১ | ০ |
| মাদারীপুর জেলা ক্রীড়া সংস্থা | ১ | ৬ | ৪ |
| বি কে এস পি | ১ | ১ | ৩ |
| কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থা | ০ | ৪ | ২ |
| রাজশাহী জেলা ক্রীড়া সংস্থা | ০ | ০ | ৩ |
| নবাবগঞ্জ জেলা ক্রীড়া সংস্থা | ০ | ১ | ১ |
| টাঙ্গাইল জেলা ক্রীড়া সংস্থা | ০ | ০ | ১ |

৩১